গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫,নিউ বেইলী রোড, ঢাকা।

"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

স্মারক নং: ৩২.০২.০০০০.০০৪.২৯.০০৩.২১. ২৫৬ তারিখঃ ১৭/০৪/২০২২

বিষয়ঃ জাতীয় মহিলা সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১ - ২০২২ বাস্তবায়নের লক্ষ্যে গত ১৪/০৩/০২১ তারিখে অনুষ্ঠিত ৩য় কোয়ার্টারের অংশীজনের অংশ গ্রহণ এর সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সাকিউন নাহার বেগম এনডিসি |
| তারিখ | : | ১৪/০৩/২০২২ |
| সময় | : | সকাল ১০.৩০ টা |
| স্থান | : | জাতীয় মহিলা সংস্থার সম্মেলন কক্ষ (৭ম তলা)। |

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় মহিলা সংস্থায় গত ১৪/০৩/২০২২ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় নির্বাহী পরিচালক মহোদয়ের সভাপতিত্বে সংস্থার ৭ম তলার সম্মেলন কক্ষে ৩য় কোয়ার্টারের অংশীজনের অংশগ্রহণ সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। জাতীয় মহিলা সংস্থার সম্মানীত চেয়ারম্যান জনাব চেমন আরা তৈয়ব, সাবেক সংসদ সদস্য উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সংস্থার নিজস্ব বাজেটের আওতাভুক্ত সেলাই ও এমব্রয়ডারী, ব্লক-বাটিক, খাদ্য প্রস্তুত ও প্রক্রিয়াজাতকরণ এবং সংস্থা পরিচালিত তৃণমূল পর্যায়ে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প, নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) ও জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) এর প্রশিক্ষক ও প্রশিক্ষণ গ্রহণের পর উদ্যোক্তা হয়েছেন যারা তারা এ সভায় অংশগ্রহণ করেন। সংস্থা পরিচালিত নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প এবং জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা ) এর প্রকল্প পরিচালক সভায় উপস্থিত ছিলেন।

২। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করতে হলে প্রথমে প্রত্যেককে শুদ্ধ আচরন করতে হবে। অফিসিয়াল বিধি বিধান মেনে চলতে হবে। শৃংঙ্খলা বিরোধী কাজকে এবং দুর্নীতিকে প্রতিরোধ করতে হবে। ব্যক্তিগত ও পারিবারিক ভাবে শুদ্ধাচার বিরোধী কাজ যেন না হয় সে দিকে লক্ষ্য রাখতে হবে। তাহলে সমাজের সর্বস্তরে জাতীয় শুদ্ধাচার প্রতিষ্ঠিত হবে। ট্রেড প্রশিক্ষক এবং উদ্যোক্তাগণকে শুদ্ধাচার নীতিমালা সম্পর্কে, অফিস আচরন বিধি এবং ব্যক্তিগত উদোগে ব্যবসা পরিচালনার ক্ষেত্রে সততার সাথে প্রত্যেকটি কাজের গুরুত্ব সম্পর্কে তিনি আলোচনা করেন।

সভার প্রধান অতিথি জাতীয় মহিলা সংস্থার মাননীয় চেয়ারম্যান জনাব চেমন আরা তৈয়ব সাবেক সংসদ সদস্য গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন স্বাধীনতার মহান স্থপতি মুক্তিযুদ্ধের মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবকে। রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর এদেশ স্বাধীন হয়। বর্তমানে স্বাধীন দেশের নাগরিক হিসেবে মহিলাদের দেশে ও বিদেশে মেধা ও প্রতিভা বিকাশের সুযোগ সৃষ্টি হচ্ছে। প্রতিটি কাজের ক্ষেত্রে সততা, স্বচ্ছতা ও জবাবদিহিতা থাকতে হবে। অফিসের কাজ সঠিকভাবে করতে হবে। বর্তমান সরকার জাতীয় নারী উন্নয়ন নীতি প্রণয়ন করেছে। নারী নির্যাতন প্রতিরোধ আইন করা হয়েছে। অভিযোগ করার বিষয়ে স্বাধীনতা দেয়া হয়েছে। এ সুযোগগুলো সততার সঙ্গে কাজে লাগিয়ে মহিলাদের বাংলাদেশকে উন্নত বাংলাদেশ গড়ে তোলার কাজে অংশগ্রহন করতে হবে।

৩।নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক সভার প্রধান অতিথি এবং সভায় আগত সকলকে শুভেচ্ছা জানান । তিনি বলেন, শুদ্ধাচার সভাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে শুদ্ধাচার একটি কর্ম কৌশল। প্রশিক্ষকদের উদ্দেশ্য তিনি বলেন, প্রশিক্ষণের সময়সীমার মধ্যে সিলেবাস শেষ করতে হবে এবং প্রশিক্ষণ এমনভাবে দিতে হবে যাতে তারা প্রশিক্ষণলব্ধ জ্ঞান কর্মক্ষেত্রে সঠিকভাবে প্রয়োগ করতে সক্ষম হয়। প্রশিক্ষনার্থীদের তিনি বলেন, প্রশিক্ষণ ভাতা

সঞ্চয় করে মূলধন করা সম্ভব। যে কোন চাকুরী, ব্যবসা অথবা আয়বর্ধক কার্যক্রম গ্রহণ করার ক্ষেত্রে কর্মপরিকল্পনা গ্রহণ করা অতীব প্রয়োজন।

জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) এর প্রকল্প পরিচালক সভায় আগত উদ্যোক্তাদেরকে শুভেচ্ছা জানান। তিনি বলেন, সংস্থার আওতাধীন প্রকল্প থেকে প্রশিক্ষণ নিয়ে অনেকেই উদ্যোক্তা হয়েছেন। অফিসে শুদ্ধাচারের চর্চা করতে হবে। নিজের পরিবার থেকে শুদ্ধাচার চর্চা শুরু করতে হবে। এর জন্য পরিবারের মধ্যে সুশিক্ষা এবং মানবিক গুণাবলীর শুদ্ধ চর্চা করা প্রয়োজন।

৪। সভায় অংশ গ্রহণকারী প্রশিক্ষকগণ এবং প্রশিক্ষণপ্রাপ্ত উদ্যোক্তাগণ তাদের পরিচয় প্রদান করে নিজেদের কাজের সফলতার কথা উল্লেখ করেন। সেই সাথে তারা বিভিন্ন সমস্যার কথাও তুলে ধরেন। তন্মধ্যে সংস্থা পরিচালিত নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্পের (২য় পর্যায়) একজন ট্রেড প্রশিক্ষক বলেন, দেশী বিদেশী প্রশিক্ষণের ভিডিও ক্লিপ মাল্টিমিডিয়ার মাধ্যমে দেখানো হলে প্রশিক্ষনার্থীদের জন্য কাজটি শেখা সহজ হবে। জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের (৬৪ জেলা) প্রশিক্ষকগণ বলেন, দীর্ঘ দিন ব্যবহারের ফলে কম্পিউটার পুরাতন হয়ে যাওয়ায় কম্পিউটারে কাজ করতে অসুবিধা হচ্ছে। কম্পিউটারে ইউপিএস এর ব্যাকআপ না থাকার কারনে কম্পিউটার নষ্ট হয়ে যাচ্ছে।

সভায় আর কোন আলোচনা না থাকায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৪.১) প্রকল্পের বিভিন্ন কেন্দ্রে প্রশিক্ষণের সুবিধার্থে মাল্টিমিডিয়া প্রজেক্টরের ব্যবস্থা রাখতে হবে।

৪.২) প্রশিক্ষণ কেন্দ্রে প্রয়োজন অনুযায়ী টেবিল চেয়ারসহ আধুনিক মালামাল সরবরাহের ব্যবস্থা করতে হবে।

৪.৩) জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪) এর প্রশিক্ষণ কেন্দ্রে প্রয়োজন অনুযায়ী ইউপিএস সরবরাহসহ কম্পিউটার সরঞ্জামাদির সরবরাহ নিশ্চিত করতে হবে।

৫। সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭।৪।2022

(সাকিউন নাহার বেগম এনডিসি)
নির্বাহী পরিচালক (অতিঃসচিব)
জাতীয় মহিলা সংস্থা।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রকল্প পরিচালক, তৃর্ণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প, জাতীয় মহিলা সংস্থা।
২। প্রকল্প পরিচালক, নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়), জাতীয় মহিলা সংস্থা।
৩। প্রকল্প পরিচালক, জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা), জাতীয় মহিলা সংস্থা।
৪। উপপরিচালক (প্রশাসন ও অর্থ)/ (উন্নয়ন ও প্রকাশনা), জাতীয় মহিলা সংস্থা। ।
৫। কম্পিউটার প্রশিক্ষক (জেভিমকপ্রপ্র) সংযুক্ত, জামস (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) ।

অনুলিপি:

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সহকারী, জাতীয় মহিলা সংস্থা।
২। নির্বাহী পরিচালক মহোদয়ের একান্ত সহকারী, জাতীয় মহিলা সংস্থা।